



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-১০৮/২০১৭/ ২০৪৬৭

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
১৯ নভেম্বর ২০২৩ খ্রি.

অফিস আদেশ

বালাবাড়ীহাট আই,এম,এস ফাজিল মাদ্রাসা, ডাকঘর: বালাবাড়ীহাট, উপজেলা: চিলমারী, জেলা: কুড়িগ্রাম-এর ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৯.০৫.২০২৩খ্রি. তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তরের নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৩ খ্রি. থেকে ২৬.০৪.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

শর্তসমূহ :

১. সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষা দক্ষ করে গড়ে তুলার লক্ষ্যে আরবি ও ইংরেজি ক্লাসের সময় সংশ্লিষ্ট ভাষায় লেকচার প্রদান করতে হবে।
৩. গ্রন্থাগারে রেফারেন্স বই, জার্নাল ও আরো যুগোপযোগী বই ক্রয় করে নিয়মিত শিক্ষার্থীদের ব্যবহারে উদ্বুদ্ধ করতে হবে।
৪. মাদ্রাসার অবকাঠামো উন্নয়নসহ বুকিপূর্ণ ভবনসমূহ মেরামত করতে হবে।
৫. মাদ্রাসার একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম কমিটি গঠনের মাধ্যমে সম্পন্ন করতে হবে এবং পরিচালনা পরিষদকে অবহিত করতে হবে।
৬. মাদ্রাসার যাবতীয় ক্রয়কার্য ক্রয় কমিটির মাধ্যমে করতে হবে এবং পরিচালনা পরিষদকে অবহিত করতে হবে।
৭. কলামনার ক্যাশ বই নিয়মিত আপডেটসহ ব্যাংকের মাধ্যমে সকল আর্থিক লেনদেন করতে হবে এবং বাৎসরিক সকল আয়-ব্যয়ের হিসাব অডিট কমিটির মূল্যায়ন শেষে গভর্নিং বডি'র অনুমোদন নিতে হবে। প্রতিষ্ঠানের হিসাব কার্য পরিচালনা ও বিল ভাউচারগুলো সংরক্ষণে আরো স্বচ্ছ, দক্ষ ও আন্তরিক হতে হবে।
৮. 'হৃদয়ে বঙ্গবন্ধু' কে আরো সমৃদ্ধ করে স্বতন্ত্র কক্ষে স্থাপন করতে হবে এবং বঙ্গবন্ধুর আদর্শ, দেশপ্রেম ও সংগ্রাম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করণের ব্যবস্থা করতে হবে।
৯. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

*Dr. J. A. H. M. A.*

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

বালাবাড়ীহাট আই,এম,এস ফাজিল মাদ্রাসা

ডাকঘর: বালাবাড়ীহাট, উপজেলা: চিলমারী, জেলা: কুড়িগ্রাম।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-১০৮/২০১৭/ ২০৪৬৭

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
১৯ নভেম্বর ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, বালাবাড়ীহাট আই,এম,এস ফাজিল মাদ্রাসা, ডাকঘর: বালাবাড়ীহাট, উপজেলা: চিলমারী, জেলা: কুড়িগ্রাম।
- ৮। অফিস নথি।

*M. A. H. M. A.*

(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৭২৪৮০৮৫২৪